রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ফেব্রুয়ারি ২৮, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

[ ভ্যাট বিভাগ ]

**আদেশ**

তারিখ : ০৭ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ/১৯ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয় : বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) কর্তৃক মোবাইল অপারেটর কোম্পানীসমূহের অনুকূলে 4G লাইসেন্স ইস্যু বা নবায়ন ফি বা রয়্যালটি ফি বা টেকনোলজি নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হলেও) বা স্পেকট্রাম ফি বাবদ ধার্যকৃত বা নির্দিষ্টকৃত অর্থের উপর মূল্য সংযোজন কর আরোপের জন্য ট্যারিফ মূল্য নির্ধারণ।**

নং ০২/মূসক/২০১৮।—যেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় ও যথোপযুক্ত অনুসন্ধানের পর এই মর্মে সন্তুষ্ট হইয়াছে যে, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) কর্তৃক মোবাইল অপারেটর কোম্পানিসমূহের অনুকূলে 4G লাইসেন্স ইস্যু বা নবায়ন ফি বা রয়্যালটি বাবদ ধার্যকৃত বা নির্দিষ্টকৃত অর্থের উপর মূল্য সংযোজন কর আরোপের জন্য ট্যারিফ মূল্য নির্ধারণ করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, বোর্ড মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ শর্ত সাপেক্ষে 4G লাইসেন্স ইস্যু বা নবায়নের ক্ষেত্রে বিটিআরসি কর্তৃক প্রাপ্ত বা প্রাপ্য লাইসেন্স বা টেকনোলজি নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হলেও) বা স্পেকট্রাম ফি বা চার্জ বা রয়্যালটি বা উহার নবায়ন ফি বাবদ নির্ধারিত বা ধার্যকৃত অর্থের ৩৩.৩৪ (তেত্রিশ দশমিক তিন চার) শতাংশ অর্থকে উহার উপর আরোপণীয় মূল্য সংযোজন কর বা প্রযোজ্য ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আরোপের নিমিত্তে ট্যারিফ মূল্য নির্ধারণ করিল, যথা:—

**শর্ত :**

(ক) আলোচ্য ট্যারিফ মূল্য কেবল মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক নিরূপণের জন্য নির্ধারিত মূল্য এবং এক্ষেত্রে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৯ অনুযায়ী কোন উপকরণ কর রেয়াত প্রযোজ্য হইবে না;

(খ) 4G লাইসেন্স ইস্যুর ক্ষেত্রে প্রাপ্ত বা প্রাপ্য লাইসেন্স বা টেকনোলজি নিউট্রালিটি ফি (2G ও 3G লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য হলেও) বা স্পেকট্রাম ফি বা চার্জ বা রয়্যালটি বা উহার নবায়ন ফি বাবদ প্রযোজ্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) বিটিআরসি কর্তৃক উৎসে কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদানের পূর্বে মোবাইল অপারেটরদের অনুকূলে ইস্যুকৃত বা নবায়নকৃত লাইসেন্স কার্যকর করা যাইবে না; এবং

(গ) বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় ও যথোপযুক্ত অনুসন্ধানের পর, যে কোন সময় উক্ত ট্যারিফ মূল্য পরিবর্তন কিংবা রহিত করতে পারবে।

**হাছান মুহম্মদ তারেক রিকাবদার**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd